যুগান্তর

তারিখ 12 JUL 2017
পৃষ্ঠা ১৬ কলাম ৫

ডিসি সম্মেলনে তথ্য প্রকাশ

শিক্ষা প্রতিষ্ঠানে অর্থ আদায় ও ব্যয়ে নীতিমালা হচ্ছে

যুগান্তর রিপোর্ট

জেলা প্রশাসক (ডিসি) সম্মেলনে এমপিওভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের আর্থিক বিশৃংখলার চিত্র তুলে ধরেছেন কয়েকজন ডিসি। তারা জানান, সরকার এ ধরনের প্রতিষ্ঠানে শতভাগ বেতন দেয়। তা সত্ত্বেও এসব শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণীভেদে দেড়শ' থেকে দেড় হাজার টাকা পর্যন্ত টিউশন ফি নেয়া হয় শিক্ষার্থীদের কাছ থেকে। প্রতি বছরই শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে উপজেলা-জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলো ভর্তি ফি ও বেতন নির্ধারণ করে থাকে। এ নিয়ে প্রায়ই বিভিন্ন অভিযোগ উত্থাপিত হয়ে থাকে। এসব অর্থ আদায়ের যৌক্তিকতার প্রতি ইঙ্গিত করে তারা বলেন, ফি আদায়ে সরকারি নীতিমালা প্রয়োজন। পাশাপাশি অর্থ ব্যয়ের বিষয়েও সুস্পষ্ট নীতিমালা প্রয়োজন। উপজেলা-জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলোর জন্য একই হারে ভর্তি ফি ও বেতন নির্ধারণ করা প্রয়োজন। মঙ্গলবার রাজধানীতে এ সম্মেলন শুরু হয়। সকালে উদ্বোধনী অনুষ্ঠানের পর বিকালে সচিবালয়ে মন্ত্রণালয়ভিত্তিক আলাদা অধিবেশন বসে। রাত সোয়া ৭টার পর শুরু হয় শিক্ষা সংক্রান্ত অধিবেশন। এ পর্বে শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের দুই মন্ত্রী ডিসিদের উদ্দেশে দিকনির্দেশনামূলক বক্তব্য দেন। অধিবেশন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, শিক্ষা প্রতিষ্ঠানের আয় এক জায়গায় থাকবে। সেখান থেকে নিয়ে নীতিমালা অনুযায়ী প্রতিষ্ঠানগুলো ব্যয় করবে। কোচিং ও নোটগাইডও থাকবে না। এসব বিষয়ে আইন হচ্ছে। শিগগিরই এ বিষয়ে মন্ত্রিসভায় খসড়া আইন পাঠানো হবে।

বৃত্তি পেল ৩৭ শিক্ষার্থী

শেকৃবি প্রতিনিধি

রোটারি ক্লাব অব ঢাকা নিউ সিটি ও আসহাবউদ্দিন শিক্ষা ও উন্নয়ন ফাউন্ডেশনের আর্থিক সহযোগিতায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, বুয়েটসহ বিভিন্ন কলেজের ৩৭ জন ছাত্রছাত্রীকে শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে। মঙ্গলবার বিকাল ৫টায় রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকৃবি) সেমিনার কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে এই বৃত্তির অর্থ শিক্ষার্থীদের মাঝে হস্তান্তর করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শেকৃবির উপাচার্য ড. কামাল উদ্দিন আহমদ। বিশেষ অতিথি ছিলেন রোটারি জেলা গভর্নর ফজলুল হক আরিফ এবং রোটারি জেলা কো-অর্ডিনেটর কেএম জয়নুল আবেদিন।

স্বাক্ষর